দৈনিক ইত্তেফাক

তারিখ 15 OCT 1996
পৃষ্ঠা কলাম

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি রদবদল প্রসঙ্গে

ইত্তেফাক রিপোর্ট ॥ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি পদে রদবদলকে কেন্দ্র করিয়া মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়াছে। মূলতঃ এশিয়া উন্নয়ন ব্যাংকের (এডিবি) আর্থিক সহায়তায় ১৯৯২ সালে ডঃ শমসের আলীর নেতৃত্বে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রকল্পের কাজ শুরু হয়। ডঃ শমসের আলী ৪ বছরের জন্য বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও প্রকল্প পরিচালক নিযুক্ত হন। ৪ বছরের মেয়াদ শেষ হওয়ায়

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে

( ১ম পৃঃ পর )

সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের অধ্যাপক এম আমিনুল ইসলামকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি পদে নিয়োগ দিয়াছেন। এডিবি সরকারের এই সিদ্ধান্তে সন্তুষ্ট হয় নাই। এডিবি এই প্রকল্পের জন্য শতকরা ৮১ ভাগ অর্থ যোগান দিতেছে। '৯৮ সালের মাঝামাঝি সময়ে প্রকল্পের কাজ শেষ হইবে। এডিবি বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং প্রকল্প পরিচালক হিসাবে ডঃ শমসের আলীর প্রশংসা করিয়া সরকারের নিকট এক চিঠিতে বলিয়াছে, অন্ততঃ '৯৮ সাল পর্যন্ত তাঁহাকে ভিসি পদে রাখা হউক। চিঠিতে বলা হইয়াছে, ভিসি পদে রদবদলের প্রেক্ষিতে প্রকল্পে জটিলতা দেখা দিলে এডিবি কোন দায়িত্ব গ্রহণ করিবে না।

BANGLADESH BUREAU OF EDUCATIONAL INFORMATION AND STATISTICS
FREE FROM PARAMETERS
1. PROGRAM
2. PROGRAMMER
3. SYSTEM
4. DATE